

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
প্রেস বিজ্ঞপ্তি
২৫ জুলাই ২০১৬, সোমবার

অদ্য ২৫ জুলাই ২০১৬ তারিখে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের আওতাধীন প্রকল্পে অতিরিক্ত অর্থায়নের লক্ষ্যে বাংলাদেশ সরকার এবং বিশ্বব্যাংকের আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা (আইডিএ)-এর মধ্যে Second Additional Financing of Public Procurement Reform Project II (PPRP-II AF-II) একটি ঋণচুক্তি স্বাক্ষরিত হয়। এ চুক্তির আওতায় ১০ মিলিয়ন মার্কিন ডলার অতিরিক্ত ঋণ সহায়তা হিসেবে উক্ত প্রকল্পে প্রদান করা হবে।

চলতি Public Procurement Reform Project II (PPRP-II) প্রকল্পটি ২০০৭ সালে বিশ্বব্যাংকের অর্থায়নে (SDR 15.5/ US\$ 23.6 million) গৃহীত হয় এবং পরবর্তীতে ২০১৩ সালে একই উৎস হতে অতিরিক্ত অর্থায়ন করা হয় (SDR 22.8/ US\$ 34.5 million)। এর ধারাবাহিকতায় ২য় অতিরিক্ত অর্থায়ন এর মাধ্যমে এ প্রকল্পের আওতায় একটি নতুন State-of-the-art data center নির্মিত হবে যার ধারণক্ষমতা হবে ২০০ টেরা-বাইট। এছাড়াও একটি মিরর সাইট স্থাপিত হবে যা বর্তমানে অবস্থিত নিম্ন ধারণক্ষমতার data center কে প্রতিস্থাপন করবে। বর্ণিত মিরর সাইটটির নির্মাণ ব্যবস্থা অধিকতর উন্নত হবে এবং বর্তমান ডাটা সেন্টারের ১৮০ গুণ ধারণ ক্ষমতা সম্পন্ন হবে যেখানে প্রায় ৮.৬ মিলিয়ন টেন্ডার সংরক্ষণ করা যাবে এবং ৩২৫,০০০ নিবন্ধিত দরদাতার তথ্য সংরক্ষণ করা যাবে।

প্রসঙ্গত উল্লেখ্য যে, ২০১১ সাল হতে এ প্রকল্পের আওতায় ইলেকট্রিক প্রকিউরমেন্ট শুরু হয় এবং সরকারের অধিক ক্রয় প্রক্রিয়া সম্পন্নকারী হিসাবে পরিচিত চারটি সরকারী সংস্থা যথাঃ সড়ক ও জনপথ অধিদপ্তর, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এবং পল্লী বিদ্যুতায়ন বোর্ড-কে এর আওতায় আনা সম্ভব হয়। এ প্রকল্পের ফলে সরকারী ক্রয় স্বচ্ছতা আনয়ন এবং দৃশ্যমান অগ্রগতি যেমন টেন্ডার প্রক্রিয়ারকরণের সময় ২০১২ সালের ৫১ দিন হতে ২০১৫ সালে ২৯ দিনে কমিয়ে আনা সম্ভব হয়েছে।

বর্ণিত অতিরিক্ত অর্থায়ন বর্তমান প্রকল্পের বিভিন্ন কার্যক্রম যেমন Professional Certification and Training ইত্যাদিকে সহায়তা করবে যার মাধ্যমে সরকারী বিভিন্ন ক্রয়কারী প্রতিষ্ঠানে অন্তত একজন প্রশিক্ষিত কর্মকর্তা/কর্মচারী তৈরী হবে। এ ঋণ সহায়তা বিশ্বব্যাংকের International Development Association কর্তৃক প্রদান করা হবে যার সুদের হার শতকরা ০.৭৫ ভাগ এবং ঋণটি ৬ বৎসর গ্রেস পিরিয়ডসহ ৩৮ বৎসরে পরিশোধযোগ্য।

বাংলাদেশ সরকারের পক্ষে অর্থ মন্ত্রণালয়ের অর্থনৈতিক সম্পর্ক বিভাগের বিশ্বব্যাংক উইং-এর অতিরিক্ত সচিব জনাব কাজী শফিকুল আযম এবং বিশ্বব্যাংক বাংলাদেশ এর ভার-প্রাপ্ত কান্ট্রি ডিরেক্টর Ms. Rajashree S Paralkar স্ব-স্ব প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিটি স্বাক্ষর করেন।

(জহিরুল ইসলাম)
সহকারী প্রধান
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ